গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
পুলিশ সুপারের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া।
https://police.brahmanbaria.gov.bd

নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং-নিয়োগ বিজ্ঞপ্তি/২০২৬/৩৭৮৫/১ম তারিখ: ০৬ অক্টোবর, ২০২৬ খ্রি.

স্বরাষ্ট্র মন্ত্রণালয়, পুলিশ-২ শাখা এর স্মারক নং- ৪৪.০০.০০০০.০৯৫.০২.০০১.২২.৫৮ তারিখঃ-১৭/১১/২০২৫ খ্রি. এবং পুলিশ হেডকোয়ার্টার্স ঢাকা স্মারক নং-৪৪.০১.০০০০.০২৮.১৮.০৪৯.২০২১/২৯৩০ তারিখ-২৫/১১/২০২৫খ্রি. মূলে প্রাপ্ত ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে ব্রাহ্মণবাড়িয়া জেলা পুলিশ সুপারের কার্যালয়ের নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের নিমিত্ত প্রচলিত নিয়োগ বিধি ও শর্তানুযায়ী অস্থায়ী ভিত্তিতে লোক নিয়োগের জন্য ব্রাহ্মণবাড়িয়া জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে আগামী ০৮/১১/২০২৬ খ্রি. তারিখের মধ্যে অত্রাফিস কর্তৃক নির্ধারিত আবেদন ফরমে স্ব-হস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্র. নং	পদের নাম	পদের সংখ্যা	গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০২৬ অনুযায়ী)	শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা
১.	সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর	০১ (এক) টি	গ্রেড-১৪ (২৩৫০০-৫৬৮০০/-)	(ক) কোন স্বীকৃত বিশ্বদ্যিালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি। (খ) সাঁট লিপিতে প্রতি মিনিটে বাংলায় ৬০ ও ইংরেজিতে ৮০ শব্দ গতি সম্পন্ন হতে হবে। গ) কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে Word Processing/Data Entry ও Typing এর সর্বনিম্ন গতি প্রতিমিনিটে বাংলাতে ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দ গতি সম্পন্ন থাকতে হবে। (গ) কম্পিউটারে Microsoft Word, Microsoft Excel, Microsoft Powerpoint এ কাজ করার দক্ষতা থাকতে হবে।
২	লঞ্চ ড্রাইভার	০১ (এক) টি	গ্রেড-১৫ (২২৮০০-৫৫২০০/-)	ক) ৮ম শ্রেণী পাশ। খ) সংশ্লিষ্ট কাজে নূন্যতম ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। গ) নৌ-পরিবহণ অধিদপ্তর হতে ইঞ্জিন চালকদের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে এবং সংশ্লিষ্ট কাজের পূর্ব অভিজ্ঞতা থাকতে হবে।

আবেদনকারীগণের জন্য প্রযোজ্য/অনুসরণীয় শর্তাবলী

১. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও ব্রাহ্মণবাড়িয়া জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

২. অত্রাফিস কর্তৃক নির্ধারিত আবেদন ফরমটি https://police.brahmanbaria. gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

৩. আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।
(ক) সকল সনদপত্রের ফটোকপি ১ম শ্রেণির সরকারি গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।
(খ) সরকারি প্রতিষ্ঠান কিংবা সরকার কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান হতে কম্পিউটার প্রশিক্ষণ/টাইপ প্রশিক্ষণ সনদের সত্যায়িত ফটোকপি।
(গ) ১ম শ্রেণির সরকারি গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা রঙ্গিন ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের ছবি।
(ঘ) পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত হালনাগাদ (চলতি সনের) নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
(ঙ) জাতীয় পরিচয়পত্র/অনলাইন জন্মনিবন্ধন সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
(চ) আবেদনকারীকে পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া এর অনুকূলে বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকে ট্রেজারি চালানের মাধ্যমে ১০০/- (একশত) টাকা (অফেরৎযোগ্য) জেলা পুলিশ, ব্রাহ্মণবাড়িয়া প্রাতিষ্ঠানিক কোড-১২২০২২০১০৬১০০ অথবা ১২২০২০১১০৫৯৫৪(সদর দপ্তর) এবং কোড নং-১৪২২৩২৬ (পরীক্ষা ফি) এ অটোমেটেড চালানে সরকারি কোষাগারে জমা করতঃ চালানের মূল কপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে এবং পদের নাম ও প্রার্থীর নাম ঠিকানা উল্লেখপূর্বক ১০/- (দশ) টাকার টিকেট লাগানো একটি ১০″×৪.৫″ সাইজের ফেরত খাম আবেদনের সাথে দাখিল করতে হবে।

৪. পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া বরাবরে আবেদনপত্র আগামী ০৮/১১/২০২৬ খ্রি. (অফিস চলাকালীন সময়) তারিখের মধ্যে অবশ্যই ডাকযোগে পৌছাতে হবে। হাতে হাতে কিংবা সরাসরি কোন আবেদনপত্র গৃহীত হবে না। নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত যে কোন আবেদন বাতিল বলে গণ্য হবে।

৫. প্রার্থীর বয়সসীমা ০৭/১০/২০২৬ খ্রি. তারিখ ১৮ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে। সকল প্রার্থীর (বীর মুক্তিযোদ্ধা, বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা, বীরাঙ্গনার সন্তান, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী এবং তৃতীয় লিঙ্গ) ক্ষেত্রে ৩২ বছর। চাকরীরত প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য নয়। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৬. বৈধ্য প্রার্থীগণকে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। সাক্ষাৎকার গ্রহণকালীন প্রার্থীকে সকল সনদপত্রের মূল কপি উপস্থাপন করতে হবে।

৭. বর্ণিত পদের উপযুক্ত প্রার্থীদের লিখিত ও অন্যান্য পরীক্ষার তারিখ, স্থান ও সময় প্রার্থীদের দাখিলকৃত কাগজপত্র যাচাই-বাছাই শেষে বিভাগীয় নির্বাচনী বোর্ড, চট্টগ্রাম কর্তৃক প্রবেশপত্রের মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।

৮. আবেদন ফরমের সকল কলাম যথাযথভাবে পূরণ করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)। প্রার্থীকে খামের উপর অবশ্যই প্রার্থীর পদের নাম স্পষ্টাক্ষরে লিখতে হবে।

৯. সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত সংস্থায় চাকুরীতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অনাপত্তিপত্র সহ নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে পৌছাতে হবে। এক্ষেত্রে আবেদনের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

CamScanner

১০. অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদপত্র বাতিল বলে গণ্য হবে। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবী ও সীলমোহরযুক্ত হতে হবে।

১১. কোটা সম্পর্কে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক সর্বশেষ জারীকৃত সরকারি নীতিমালা এবং নিয়োগ সংক্রান্তে অন্যান্য সরকারি বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

১২. মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী (বীর মুক্তিযোদ্ধা ও শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা) প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদ প্রদান করতে হবে। আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা ও শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হলে আবেদনের সাথে সম্পর্ক উল্লেখপূর্বক ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা পৌরসভা মেয়র/প্রশাসক কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র প্রদান করতে হবে।

১৩. আবেদনপত্রে বর্ণিত কোন তথ্য যেকোন পর্যায়ে ভূয়া ও মিথ্যা প্রমাণিত হলে দরখাস্ত/নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪. যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তিকে বিয়ে করেন বা বিয়ে করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক শৃঙ্খলাজনিত অভিযোগে দণ্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন, তবে তিনি আবেদন করার জন্য যোগ্য হিসেবে বিবেচিত হবেন না।

১৫. চাকুরীতে নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১৬. কর্তৃপক্ষ প্রয়োজনবোধে যেকোনো শর্ত সংযোজন, সংশোধন ও পরিবর্তন করতে পারবে।

১৭. সরকারি কাজের স্বার্থে প্রয়োজনে এই বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

০৫/১০/২৬ (স্বাক্ষরিত)

মুঃ জালাল উদ্দিন ফাহিম, পিপিএম-সেবা
বিপি ৮৩১০১২৬৭৯৪
পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া
ফোন: ০২৩৩৪৪২৭৬৮০,ফ্যাক্স: ০২৩৩৪৪৩২০২৪
ই -মেইল: spbrahmmanbaria@police.gov.bd

স্মারক নং-নিয়োগ বিজ্ঞপ্তি/২০২৬/৩৭৮৫ /১ম তারিখ: ০৬ অক্টোবর, ২০২৬ খ্রি.

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
২. ডিআইজি, চট্টগ্রাম রেঞ্জ, বাংলাদেশ পুলিশ, চট্টগ্রাম
৩. অ্যাডিশনাল ডিআইজি (রিক্রুটমেন্ট অ্যান্ড ক্যারিয়ার প্ল্যানিং-১/ফিন্যান্স অ্যান্ড বাজেট), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৪. উপসচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, পুলিশ-২ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. এআইজি (পার্সোনেল ম্যানেজমেন্ট-২), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা

(১-৫) সদয় জ্ঞাতার্থে

৬. জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া
৭. পুলিশ সুপার .... সকল (রেলওয়ে/হাইওয়েসহ), চট্টগ্রাম রেঞ্জ
৮. বিভাগীয় কমিশনারের একান্ত সচিব ও সদস্য সচিব, বিভাগীয় নির্বাচনী বোর্ড, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
৯. সিভিল সার্জন, ব্রাহ্মণবাড়িয়া
১০. অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ/ক্রাইম অ্যান্ড অপস্/সদর সার্কেল/নবীনগর সার্কেল), ব্রাহ্মণবাড়িয়া
১১. সহকারী পুলিশ সুপার, কসবা সার্কেল/সরাইল সার্কেল, ব্রাহ্মণবাড়িয়া
১২. জেলা একাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, ব্রাহ্মণবাড়িয়া
১৩. স্থানীয় সকল সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত দপ্তর, ব্রাহ্মণবাড়িয়া
১৪. জেলা তথ্য অফিসার, জেলা তথ্য অফিস, ব্রাহ্মণবাড়িয়া
১৫. ডিআইও-১, ডিএসবি, ব্রাহ্মণবাড়িয়া
১৬. অফিসার ইনচার্জ, ব্রাহ্মণবাড়িয়া সদর মডেল থানা/আশুগঞ্জ থানা/সরাইল থানা/নাসিরগনর থানা/নবীনগর থানা/বাঞ্ছারামপুর থানা/কসবা থানা/আখাউড়া থানা/বিজয়নগর থানা, ব্রাহ্মণবাড়িয়া
১৭. হিসাবরক্ষক, পুলিশ সুপারের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া
১৮. সম্পাদক, বাংলাদেশ প্রতিদিন, ঢাকা।
১৯. Editor, The new age, Dhaka.

(১৮-১৯) বর্ণিত নিয়োগ বিজ্ঞপ্তিটি আগামী ০৭/১০/২০২৬ খ্রি. তারিখের মধ্যে ১৫"-৪" ইঞ্চি স্বল্প পরিসরে ০১ (এক) দিন প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতঃ ০২ (দুই) কপি অত্রাফিসে প্রেরণ করতে অনরোধ করা হলো।

২০. অফিস নোটিশ বোর্ড, পুলিশ সুপারের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া

০৫/১০/২৬ (স্বাক্ষরিত)

মুঃ জালাল উদ্দিন ফাহিম, পিপিএম-সেবা
বিপি ৮৩১০১২৬৭৯৪
পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া
ফোন: ০২৩৩৪৪২৭৬৮০,ফ্যাক্স: ০২৩৩৪৪৩২০২৪
ই -মেইল: spbrahmmanbaria@police.gov.bd

CS CamScanner

"চাকরির আবেদন ফরম"

৫ সে.মি×৫সে.মি. ছবি (সম্প্রতি তোলা, ০৪ (চার) কপি

বরাবর

পুলিশ সুপার
পুলিশ সুপারের কার্যালয়
ব্রাহ্মণবাড়িয়া।

১.	পদের নাম:		
২.	বিজ্ঞপ্তি নম্বর:	তারিখ:	দি | ন | মা | স | ব | ৎ | স | র
৩.	প্রার্থীর নাম	বাংলায়:	
		ইংরেজিতে(বড় অক্ষরে):	
৪.	জাতীয় পরিচয়পত্র নম্বর:		(যে কোন একটি)
	জন্ম নিবন্ধন নম্বর:		
৫.	জন্ম তারিখ:	দি | ন | মা | স | ব | ৎ | স | র	৬.জন্মস্থান (জেলা):
৭.	বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স:	বছর | মাস	দিন
৮.	মাতার নাম:		
৯.	পিতার নাম:		

	ঠিকানা	বর্তমান	স্থায়ী
১০.	বাসা ও সড়ক (নাম/নম্বর):		
	গ্রাম/পাড়া/মহল্লা:		
	ইউনিয়ন/ওয়ার্ড:		
	ডাকঘর:		
	পোস্টকোড নম্বর:		
	উপজেলা:		
	জেলা:		
১১.	যোগাযোগ:	মোবাইল নম্বর:	ই-মেইল:

১২.	জাতীয়তা:	১৩.	জেন্ডার:
১৪.	ধর্ম:	১৫.	পেশা:

১৬. শিক্ষাগত যোগ্যতা:

পরীক্ষার নাম	বিষয়	শিক্ষা প্রতিষ্ঠান	পাসের সন	বোর্ড/বিশ্ববিদ্যালয়	গ্রেড/শ্রেণি/বিভাগ

১৭.	অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে):		
১৮.	অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে):		
১৯.	কোটা (টিক দিন)	মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা	এতিম/শারীরিক প্রতিবন্ধী
		ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য	অন্যান্য:
২০.	চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর:	তারিখ:	দি | ন | মা | স | ব | ৎ | স | র
	ব্যাংক ও শাখার নাম:		
২১.	বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন):	হ্যাঁ | না	প্রযোজ্য নয়

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখ:	দি	ন	মা	স	ব	ৎ	স	র

প্রার্থীর স্বাক্ষর

CamScanner